গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসি নীতি শাখা
(www.cabinet.gov.bd)

নম্বর: ০৪.০০.০০০০.৫২১.৩৫.০৮৯.১৭-১০৬

তারিখ: ৩০ মাঘ ১৪২৪
১২ ফেব্রুয়ারি ২০১৮

বিষয়: সরকারি সেবা কার্যকর ও দুর্নীতি প্রতিরোধে সরকারি উন্নয়ন/নির্মাণ কাজে সম্পৃক্ত বিভিন্ন দপ্তরের প্রকৌশলীগণের সঙ্গে মতবিনিময়।

সূত্র: দুর্নীতি দমন কমিশনের স্মারক নম্বর-দুদক/গবেষণা/মতবিনিময়/০৪-২০১৮/৩৮৯২(৩৯) তারিখ: ০৫.০২.২০১৮

উপর্যুক্ত বিষয়ে দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত পত্র ও সংযুক্ত কাগজাদির ছায়ালিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। সূত্রস্থ পত্রে দুর্নীতি দমন কমিশন বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন প্রকৌশল কার্যক্রম সংশ্লিষ্ট সকল অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার প্রধানদের আগামী ২৭-০২-২০১৮ তারিখে অনুষ্ঠেয় মতবিনিময় সভায় উপস্থিত থাকার নিমিত্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য এ বিভাগকে অনুরোধ করেছে।

০২। এমতাবস্থায়, সূত্রস্থ পত্রে বর্ণিত বিষয়ে নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত মতবিনিময় সভায় তাঁর আওতাধীন প্রকৌশল কার্যক্রম সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থাসমূহের যথোপযুক্ত প্রতিনিধিগণের উপস্থিতি নিশ্চিত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ~~তিন~~ দুই পাতা।

১২/০২/১৮
(মাহ্‌ফুজা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৬৪৪৬
E-mail: ...@cabinet.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

নং-১৮.০০.০০০০.০১৬.৩৩.০৪৭.১১- ২৭৬

তারিখঃ ১৪-০২-২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

(জাজরীন নাহার)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)
ফোন: ৯৫১৫৫৫১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। চেয়ারম্যান, চবক/পাবক/মোবক/বাস্থবক/বিআইডব্লিউটিসি/বিআইডব্লিউটিএ, জাতীয় নদী রক্ষা কমিশন।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ১৪৫ বেইলি রোড, ঢাকা।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।

অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
২। সিস্টেম এনালিষ্ট, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

E:\OLD PC DRIVE E\BIDYUT\LETTER-2017-18.doc

# দুর্নীতি দমন কমিশন
ঢাকা, বাংলাদেশ

মন্ত্রিপরিষদ সচিব মহোদয়
"সবাই মিলে গড়বো দেশ দুর্নীতি মুক্ত বাংলাদেশ"

মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব
ডায়েরী নং ........৫৪৬......
তারিখঃ .....৬/০২/১৮

| |
|---|
| যুগ্মসচিব (জেমাপ্র) |
| যুগ্মসচিব (জেম্যা) |
| উপসচিব (মাপ্রশৃ) |
| উপসচিব (মাপ্রসংস্থা) |
| উপসচিব (মাপ্রসংযোগ) |
| উপসচিব (মাপ্রসমন্বয়) |
| সিঃসঃসচিব (জেম্যানি) |
| ব্যক্তিগত কর্মকর্তা |
| ডায়েরী নং- ৫৬৪ |
| তারিখঃ ৬/২/১৮ |
| অতিরিক্ত সচিব (জেমাপ্র) |

স্মারক নং-দুদক/গবেষণা/মতবিনিময়/০৪-২০১৮/ ৩৮-৭২(৩৭) তারিখঃ ৫/০২/২০১৮ খ্রি:

| |
|---|
| যুগ্মসচিব (জেমাপ্র) মন্ত্রিপরিষদ বিভাগ |
| সিসস/উপসচিব (মাপ্রশৃ) |
| উপসচিব (মাপ্রসংস্থা) |
| উপসচিব (মাপ্রস) |
| উপসচিব (মাপ্রসমন্বয়) |
| ব্যক্তিগত কর্মকর্তা |
| ডায়েরী নং |
| তারিখ ৭/২/১৮ |
| স্বাক্ষর |

বিষয়: সরকারি সেবা কার্যকর ও দুর্নীতি প্রতিরোধে সরকারি উন্নয়ন/নির্মাণ কাজের সাথে সম্পৃক্ত বিভিন্ন দপ্তরের প্রকৌশলীদের সাথে মতবিনিময়।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশে রাষ্ট্রায়ত্ব খাতের বিভিন্ন প্রকৌশল সংস্থাসমূহ কর্তৃক প্রদত্ত সেবা কার্যকর এবং দুর্নীতিমুক্তকরণের লক্ষ্যে সরকারি উন্নয়ন/নির্মাণ কাজের সাথে সম্পৃক্ত বিভিন্ন দপ্তরের প্রকৌশলীদের সাথে আগামী ২৭/০২/২০১৮ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকা হতে ১৩:০০ ঘটিকা পর্যন্ত কমিশনের সম্মেলন কক্ষে কমিশন কর্তৃক একটি মতবিনিময় সভা অনুষ্ঠানের প্রস্তাব করা হচ্ছে। প্রস্তাবিত সভার কার্যপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের অধীন প্রকৌশল কার্যক্রম সংশ্লিষ্ট সকল অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার প্রধানদের নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত মতবিনিময় সভায় উপস্থিত থাকার নিমিত্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ কার্যপত্র ০২ (দুই) পাতা।

০৪.০২.২০১৮
(ড. মোঃ শামসুল আরেফিন)
সচিব
ফোনঃ ৯৩৬০১১০
E-mail: secretary@acc.org.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

বিতরণঃ জ্ঞাতার্থে-

১। সিনিয়র সচিব/সচিব......................................................মন্ত্রণালয়/বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২। মহাপরিচালক (প্রতিরোধ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান-এর সানুগ্রহ অবগতির জন্য)।
৪। কমিশনার (অনুসন্ধান/তদন্ত)- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার-এর সানুগ্রহ অবগতির জন্য)।
৫। অফিস নথি।

বাংলাদেশ সচিবালয়, ঢাকা
মন্ত্রিপরিষদ বিভাগ
গ্রহন ও প্রেরণ ইউনিট
নিবন্ধন নং ৭৮১
তারিখ ০৫/০২/১৮

মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসী নীতি শাখা
ডাইরী নং.......৭১.......
তারিখঃ.....৮/১২/১৮

৪-৩৬২

<u>সরকারের প্রকৌশল সংশ্লিষ্ট দপ্তর বা সংস্থাসমূহের সাথে কমিশনের আলোচনার কার্যপত্র</u>

একটি দেশের আর্থ-সামাজিক অগ্রগতির জন্য অবকাঠামোগত উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকারের প্রকৌশল সংশ্লিষ্ট দপ্তর বা সংস্থাসমূহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালন করে থাকে। দেশের উন্নয়নমূলক কর্মকান্ডে শৃংখলা আনয়ন এবং ফলদায়ক করার জন্য উল্লিখিত দপ্তরসমূহের দুর্নীতি ও অনিয়ম প্রতিরোধ করে সুশাসন নিশ্চিত করা একান্ত আবশ্যক। সে লক্ষ্যে সরকারের প্রকৌশল সংশ্লিষ্ট দপ্তর বা সংস্থাসমূহের প্রধানদের সাথে দুর্নীতি দমন কমিশনের প্রধান কার্যালয়স্থ সম্মেলন কক্ষে নিম্নবর্ণিত বিষয়াদি নিয়ে একটি মতবিনিময় সভা আয়োজন করা হয়েছে।

আলোচনার বিষয়বস্তু:-

১. নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ শেষ না করে অযাচিতভাবে প্রকল্পের সময় ও ব্যয় বৃদ্ধির কারণ এবং করণীয় নির্ধারণ।

২. প্রকল্প নির্বাচন করার সময় প্রাক্কলন প্রণয়ন এবং টেকনিক্যাল ও ফিন্যান্সিয়াল মূল্যায়নের ক্ষেত্রে কারিগরি জ্ঞানসম্পন্ন নির্ভরযোগ্য বিশেষজ্ঞ অন্তর্ভূক্ত করার যৌক্তিকতা যাচাই।

৩. প্রকল্প নির্বাচন করার ক্ষেত্রে উক্ত প্রকল্পের যথার্থতা এবং উপযোগিতা রয়েছে কিনা তা স্থানীয় ব্যবহারকারীদের সাথে আলোচনার মাধ্যমে প্রত্যাশী সংস্থা/কর্তৃপক্ষ কর্তৃক নিশ্চিত করা এবং দরপত্র ও চুক্তিপত্রে বর্ণিত ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী কাজ সম্পন্ন নিশ্চিত করা।

৪. প্রকল্প শেষ হওয়ার পরে রক্ষণাবেক্ষণের নামে এবং মেরামত কাজে নিম্নমানের মালামাল যাতে ব্যবহৃত না হয় সেবিষয়ে তদারকী করা এবং প্রকল্পের নির্মাণ/সংস্কার/মেরামত কার্যাদি সম্পন্নের পরবর্তী একটি যৌক্তিক সময় পর্যন্ত উক্ত কাজের রক্ষণাবেক্ষণের দায়িত্ব নিজ খরচে বাস্তবায়নকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের উপর আইনানুগভাবে ন্যস্ত করা।

৫. টেন্ডার প্রক্রিয়ার কোন পর্যায়ে কোন অনিয়ম দুর্নীতি যাতে না হয় সে লক্ষ্যে প্রধান কার্যালয়ে একটি টেলিফোনিক অভিযোগকেন্দ্র রাখা এবং ক্রয়কার্য যথাযথ হচ্ছে কিনা তা মনিটরিং এর জন্য মন্ত্রণালয়ভিত্তিক শক্তিশালী টিম গঠন করা।

৬. নিম্নমানের মালামাল সরবরাহ রোধ করতে শিডিউল রেটের সাথে বাজারমূল্যের সামঞ্জস্য বজায় রাখা

৭. প্রকল্পের মেয়াদ তিন বছর বা অধিক হলে সে প্রকল্পে রক্ষণাবেক্ষণের জন্য অর্থ বরাদ্দ রাখা।

৮. প্রকল্পের কাজে স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করার জন্য প্রকল্পের অংশীজনের সাথে গণশুনানীর ব্যবস্থা করা যেতে পারে।

৯. প্রকল্প শেষ হলে প্রকল্পের গাড়ি সরকারী পরিবহন পুলে জমা দেয়ার বিধান থাকলেও অনেক ক্ষেত্রে গাড়ি জমা দেয়া হয়না। ফলে, গাড়ি ও জ্বালানী ব্যবহারে অনিয়ম দেখা দেয়। এবিষয়ে নীতিমালা অনুসরণের বাধ্যবাধকতা নিয়ে আলোচনা।

১০. বিল চূড়ান্ত করার পূর্বে সোশ্যাল অডিটের ব্যবস্থা করা সংক্রান্ত বিষয়াদি।

– o –

০৪/০২/২০২১

ড. মোঃ শামসুল আরেফিন
সচিব
দুর্নীতি দমন কমিশন
বাংলাদেশ, ঢাকা।